# আদিপুস্তকের পূর্বপুরুষদের থেকে মৌলিক সত্যসমূহ

যারা ছোটদের শিক্ষা দেন তাদের P2b1 অধ্যয়ণটি অবশ্যই পাঠ করা উচিত।

**১. ঈশ্বরের বাক্য সহ আপনার হৃদয় ও মনকে প্রস্তুত করুন।**

আপনি একবারে অথবা এক বা দুইজন প্রতি সপ্তাহে হিসাবে কিছু সপ্তাহ ধরে অধ্যায়ন করতে পারেন।

আপনি একবারেই সকলের বিষয় অধ্যয়ণ করতে পারেন, অথবা প্রতি সপ্তাহে একজন অথবা দুজন কুলপতিদের বিষয় বেশ কয়েক সপ্তাহ যাবৎ ইহা অধ্যয়ণ করতে পারেন।

**প্রার্থনা ঃ** ''হে প্রভু, সাহায্য কর যেন পূর্বপুরুষদের কাছ থেকে শিখতে পারি কিভাবে লোকরা অনন্তকালীন সত্য সম্বন্ধে বুঝতে পারে।''

ক) নতুন সৃষ্ট পৃথিবীতে, শয়তান যখন প্রলোভিত করেছিল, তখন আদম পাপে পতিত হয়েছিল। আদি পুস্তক ১-৩ অধ্যায় পড়ুন।

- মূল সত্য   প্রত্যেকেই পাপ করেছে। কারণ আদম তার পাপের দ্বারা জগতে পাপ এবং মৃত্যু এনেছিল। রোমীয় ৫ঃ১২-২১ পড়ুন।
- এই প্রশ্নগুলি আলোচনা করুন   শয়তান হবাকে প্রলোভিত করার সময়, তার কাছে কি প্রতিজ্ঞা করেছিল? পাপ এত মুগ্ধকর কেন?

(উত্তর ঃ শয়তান এই বলে হবাকে মিথ্যা কথা বলেছিল যে সে কখনোই মরবে না, কিন্তু ঈশ্বরের মত জ্ঞানী হবে।)



খ) **নোহ** ঈশ্বরের বাধ্য হয়েছিলেন এবং একটি বৃহৎ 'জাহাজ' তৈরী করেছিলেন যাতে সেও তার পরিবার সহ সমস্ত প্রজাতির প্রাণীরা মহাপ্লাবন থেকে রক্ষা পেয়েছিল। আদিপুস্তক ৬-৯

- মূল সত্য   ঈশ্বর যারা পাপী তাদের শাস্তি দেন এবং অবশিষ্ট যারা তাঁর বাধ্য, তাদের রক্ষা করেন। যীশু পৃথিবীর উপর শেষ বিচারকে ঈশ্বরের দ্বারা দত্ত নোহের সময়ে শাস্তির তুলনা করেছেন। মথি ২৪ঃ৩৭-৪২
- আলোচনামূলক প্রশ্ন - কি প্রকারে জীবন দান করার জন্য যীশুর বেঁচে ওঠা, নোহের জাহাজের নও ছিল?

(উত্তর ঃ যীশু আমাদের নতুন জীবন দেন। আমরা তাঁর দেহ, যেমন ভাবে নোহ এবং তার পরিবার জাহাজের মধ্যে থাকার দ্বারা মৃত্যু ও শাস্তি এড়িয়েছিল, ঠিক তেমনই আমরাও যীশুর মধ্যে আছি।)



গ) **অব্রাহাম** ঈশ্বরের প্রতিজ্ঞাতে বিশ্বাস করেছিলেন এবং ঈশ্বর তার সাথে একটি গুরুত্বপূর্ণ নিয়ম স্থির করেছিলেন। আদিপুস্তক ১২-২৬। অব্রাহামের মত সমস্ত জাতীর যত লোক ঈশ্বরের প্রতিজ্ঞাতে বিশ্বাস করে, তারা আশীর্ব্বাদ লাভ করে।

আদি ১২ঃ১-৭ পদে খুঁজুন, অব্রাহামের বংশধরদের মাধ্যমে সমুদয় জাতিকে আশীর্বাদ দানের বিষয় প্রতিজ্ঞা প্রতিজ্ঞা করেছেন।

১৪ অধ্যায় অণ্বেষণ করুণ, অব্রাহাম কিভাবে তাঁর ভাইপো লোটকে উদ্ধার করতে পাঁচজন পরজাতীয় রাজাকে পরাস্ত করেছিলেন।

১৫ অধ্যায় খুঁজে দেখুন, ঈশ্বর কি ভাবে একটি অত্যাশ্চর্য রীতির মাধ্যমে তাঁর নিয়মকে সুনিশ্চিত করেছিলেন।

১৮ অধ্যায় দেখুন, অব্রাহাম কি ভাবে লোট এবং তার পরিবারের জন্য ঈশ্বরের কাছে মধ্যস্ততাকারী প্রার্থনা করেছিলেন।

১৯ অধ্যায় অন্বেষণ করুন, ঈশ্বর কিভাবে দুষ্ট নগর সদোমকে ধ্বংস করেছিলেন।

- **মূল সত্য ঃ** আমাদের বিশ্বাসের কারণে ঈশ্বর আমাদের গ্রহণ করেন। যেমন তিনি আমাদের আধ্যাত্মিক পিতা অব্রাহামকে করেছিলেন। গালাতীয় ৩ঃ৬-৯
- **এই প্রশ্নগুলি আলোচনা কর ঃ** লোকেরা কি তাদের বিশ্বাসের কারণে পরিত্রাণ পায়। নাকি তাদের ভালো কাজ করার উপরে পরিত্রাণ নির্ভর করে?

  (উত্তর - ইফিষীয় ২ঃ৮-১০ ব্যাখ্যা করে যে ঈশ্বর তার করুণার বাহুল্যে এবং আমাদের বিশ্বাসের জন্য আমাদের পরিত্রাণ দান করেন। কিন্তু কখনোই আমাদের দ্বারা কৃত উত্তম কাজের দ্বারা নয়। আমাদের বিশ্বাসের দ্বারাই উত্তম কাজ বেরিয়ে আসে।)

ঘ) **ইসাহাক** ছিল প্রতিজ্ঞাত সন্তান যে সন্তানধারণের বয়স পার হয়ে যাওয়া সত্ত্বেও অলৌকিক ভাবে অব্রাহাম ও সারার পরিবারে জন্মেছিল। আদিপুস্তক ২১-২৮ অধ্যায়। ২২ অধ্যায়ে ঈশ্বর অব্রাহামকে তার পুত্রকে বলি দিতে বলেছিলেন। ঈশ্বর অব্রাহামের কাছে এই প্রতিজ্ঞা করেছিলেন যে ইসাহাক হবে তার উত্তরাধীকারী যার মাধ্যমে কোনও এক সময়ে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করবেন।

২৪ অধ্যায় অন্বেষণ করুন কিভাবে অব্রাহামের একজন ভৃত্য ইসাহাকের জন্য একজন কন্যার খোঁজে গেছিল যে এক মাত্র ঈশ্বরে বিশ্বাস করে।

- মূল সত্য যদিও কিছু ব্যক্তি সন্দেহ করে তথাপি ঈশ্বর সর্বদা তাঁর প্রতিজ্ঞা পূর্ণ করেন। অব্রাহাম যখন তার প্রতিজ্ঞাত উত্তরাধিকারীর অপেক্ষায় হতাশ হয়ে পড়েছিল তখন যে নিজ প্রচেষ্টা দ্বারা তা পূর্ণ করতে সচেষ্ট হয়েছিল। যার পরিণতিতে ইশ্মায়েলের জন্ম হয়েছিল। যে ছিল আরব জাতীর একজন কূলপতি এবং যা পরবর্তী কালে ইসলাম ধর্মের এবং এই ধর্মের ভ্রান্ত বিশ্বাস ছিল যে মানুষ তার নিজের প্রচেষ্টার দ্বারাই পরিত্রাণ পেতে পারে। (গালাতীয় ৪ঃ২১-৩১)
- **এই প্রশ্নগুলি আলোচনা করুন ঃ**

  ঈশ্বর কেমন ভাবে অব্রাহামের বিশ্বাসের পরীক্ষা করেছিলেন?

  (উত্তর ঃ ঈশ্বর অব্রাহামকে তার পুত্রকে বলি দিতে বলে ছিলেন। যখন তিনি দেখলেন যে সে তা করতে ইচ্ছুক, তখন তিনি একটি মেষকে ইসাহাকের পরিবর্তে বলি দেবার জন্য যুগিয়ে ছিলেন। ইব্রীয় ১১ঃ১৭-১৯ পদে ব্যাখ্যা করা হয়েছে যে অব্রাহামের ঈশ্বরের ওপর বিশ্বাস ছিল যে তিনি ইসাহাককে মৃত্যু থেকে বাঁচিয়ে তুলবেন)

  কিভাবে মেষটি (পুরুষ ভেড়া) যীশু সম্মন্ধে ভবিষ্যবাণীর অথবা একটি প্রতীক হিসাবে ব্যবহৃত হয়েছে?

  (উত্তর ঃমেষটি ছিল নিস্পাপ যার রক্তকে পতিত করা হয়েছিল অন্যকে উদ্ধার করার জন্যে। যীশুর আগমনের বহুপূর্বে পুরাতন নিয়মের যুগের বহু ঘটনা এবং লোকজনের মত এটিও খ্রীষ্টের প্রতীক রূপেই উল্লেখিত হয়েছে। যীশু যখন আসবেন তখন লোকেরা যাতে তাঁকে গ্রহণ করে তার প্রস্তুতির জন্যেই এটি ঘটান হয়েছিল)।



ঙ) **যাকোব** ঈশ্বরের আশীর্বাদ যাচঞা করেছিলেন। ঈশ্বর যাকোবের নাম পরিবর্তন করে ইস্রায়েল রেখেছিলেন। তার ১২টি সন্তানের বংশধররাই ইস্রায়েলের ১২টি জাতি হয়েছিল। আদিপুস্তক ২৫-৪৯।

২৫ঃ২১-৩৪ এবং ২৭ অধ্যায় থেকেঅন্বেষণ করুন, কিভাবে যাকোব জ্যেষ্ঠ্যাধীকারের অধিকারকে এষৌয়ের কাছ থেকে হরণ করেছিল। যা তাকে পৈতৃক সম্পত্তির দ্বিগুণ অংশ উত্তরাধীকার সূত্রে পাবার বিষয়ে সুনিশ্চিয়তা প্রদান করেছিল। দ্বিঃবি ২১ঃ১৫-১৭

- মূল সত্য আমাদের উত্তম কার্যের উপর ঈশ্বরের প্রেম ও করুনা নির্ভর করেনা। মিথ্যা কথা বলা সত্ত্বেও যাকোব ঈশ্বরের আশীর্বাদ প্রাপ্ত হয়েছিল। রোমীয় ৯ঃ১-১৬ যেমন ব্যাখ্যা করে।
- এই প্রশ্নগুলি আলোচনা করুন ঃ যাকোব কি কি উত্তম ও মন্দ কার্য করেছিল ?

  (উত্তর ঃ যাকোব জ্যোষ্ঠাধীকারের পদ কেড়ে নেওয়ার জন্য এষৌয়ের ক্ষুধার্ততার সুযোগ নিয়েছিল; যা ছিল একমাত্র প্রথমজাত পুত্রের প্রাপ্য এবং যা পৈতৃক সম্পত্তির দ্বিগুণ অংশ উত্তরাধীকার সূত্রে লাভের সুনিশ্চয়তা প্রদান করতো। সে অবশ্য উত্তম কিছু কার্য্যও করেছিলঃ সে একনিষ্ঠ ভাবে ঈশ্বরের আরাধনা করত এবং তার প্রিয়া রাহেলকে পাবার জন্য বহুবছর পরিশ্রম করেছিল।)

চ) **যোষেফের** ঈর্ষান্বিত ভাইয়েরা তাকে দাস হিসাবে বিক্রী করে দিয়েছিল। আদিপুস্তক ৩৭-৫০, তাকে বিক্রী করে দেবার পর তার ভাইয়েবা তাদের বাবা যাকোবকে বলেছিল যে বন্য পশুরা যোষেফকে মেরে ফেলেছে। অন্যরা যোষেফকে মিথ্যা দোষে দোষী এবং কারারুদ্ধ করেছিল। আদিপুস্তক ৩৯। তাঁর সাথে গমন করার কারণে পরবর্তী কালে ঈশ্বর যোষেফকে মিশরের উচ্চ ক্ষমতায় উন্নীত করেছিলেন, আদিপুস্তক ৪০-৪১। এরপর যোষেফ তার ভাই ও তাদের পরিবারদের দুর্ভিক্ষের হাত থেকে রক্ষা করেছিল। আদিপুস্তক ৪২-৪৫।

- মূল সত্য  ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করেছিলেন, তাদেরই এক আত্মীয়র মাধ্যমে। কারণ সে তা করার জন্য বিশেষ পদে আসীন ছিল। যীশু হলেন আমাদের নিকটাত্মীয় একজন নিস্পাপ, যিনি আমাদের বাঁচাতে মৃত্যুবরণ করেছিলেন। ইব্রীয় ২ঃ১০-১৮
- এই প্রশ্নটি আলোচনা করুন কি ভাবে যোষেফের জীবন ছিল যীশুর মত ?

  (উত্তর  যোষেফ ছিলেন একজন প্রকৃত "ইস্রায়েলের সন্তান (যাকোব)" যারা তাকে ঈর্ষার কারণে প্রত্যাখ্যান করেছিল। তার পিতা তাকে অতীব প্রেম করতেন। সে ছিল বাধ্য। তার নিজের লোকেরা তাকে বিক্রী করেছিল (যেমন জুডাস যীশুকে বিক্রী করেছিল)। তাকে মিশরে নিয়ে যাওয়া হয়েছিল। তাকে অন্যায় ভাবে দোষী স্যবস্ত করা হয়েছিল ও কারাগারে বন্দী করা হয়েছিল। সে উচ্চ ক্ষমতার পদে উন্নীত হবার দ্বারা রাজার ডান দিকের স্থান গ্রহণ করেছিল। ওই ক্ষমতার পদে,সে তার ভাইদের রক্ষা করেছিল, যারা তাকে প্রত্যাখ্যান করেছিল। সে নিজেকে মহিমান্বিত ভাবে একটি বৃহৎ ভোজ অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশ করেছিলেন।)



**২. পরবর্তী সপ্তাহে কি করা হবে সে বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

আপনার লোকেদের জন্যে পরিকল্পনা করুন যে তারা দুই কি তিনটি ভাগে বিভক্ত হয়ে তাদের বন্ধু এবং আত্মীয়দের যারা এখনো যীশুকে জানেনা, তাদের কাছে পরিদর্শনে যাবে। তাদেরকে কুলপতিদের গল্প বলতে সাহায্য করুন।

**৩. আশু আরাধনার সময়ে ব্যাপারে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

মণ্ডলীকে কুলপতিদের ইতিহাস সম্পর্কে বলুন। যাদের গল্পগুলি সংক্ষেপে ওপরে আলোচিত হয়েছে সেইসব একজন অথবা একাধিক কুলপতিদের বিষয়ে বেছে নিন

কুলপতিদের সম্বন্ধে (ওপরে) মূল সত্য ব্যাখ্যা করুন

আলোচিত প্রশ্নগুলি (ওপরে) সম্বন্ধে জিজ্ঞাসা করুন। যতক্ষণ না তারা কি ভাবছে তা বলছে ততক্ষণ পর্যন্ত তাদের উপর বলবেন না।

আদিপুস্তক ১৫ঃ৬ মুখস্থ করুন

তারা কি প্রস্তুত করেছে তা বাচ্চাদের করে দেখাতে দিন।

প্রভুর ভোজের পরিচিতি করণের জন্য ব্যাখ্যা করুন যে যোষেফ তার ভাইদের জন্য একটি বিরাট ভোজের অনুষ্ঠান দিয়েছিলেন। যারা তাঁকে দাস হিসাবে বিক্রয় করেছিল , তারা তাকে চিনতে পারেনি। তিনি তাদের ক্ষমা করে দিয়েছিলেন এবং প্রকাশ করেছিলেন যে তিনি কে ছিলেন। আমরাও যীশুর সাথে মহিমার সাথে ভোজে বসব এবং তাকে সামনাসামনি দেখবো।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net